# প্রত্যক্ষের বিভাগ

Date:29.09.2022

Course : GE-1

1st Semester

Pranab Kirtunia
Assistant Professor
Department of Philosophy
Bejoy Narayan Mahavidyalaya
West Bengal

# প্রত্যক্ষের বিভাগ

- বাহ্য লৌকিক প্রত্যক্ষ: নির্বিকল্পক প্রত্যক্ষ , সবিকল্পক প্রত্যক্ষ, প্রত্যভিজ্ঞা।
- নির্বিকল্পক প্রত্যক্ষ ও সবিকল্পক প্রত্যক্ষের পার্থক্য .
- নির্বিকল্পক প্রত্যক্ষের প্রয়োজনীয়তা
- অলৌকিক প্রত্যক্ষ: সামান্যলক্ষণ প্রত্যক্ষ, জ্ঞানলক্ষণ প্রত্যক্ষ, যোগজ প্রত্যক্ষ।

# প্রত্যক্ষের  বিভাগ

- **প্রত্যক্ষ দু'ভাগে বিভক্ত:** লৌকিক প্রত্যক্ষ এবং অলৌকিক প্রত্যক্ষ।
- লৌকিক প্রত্যক্ষ–এর দুটি  ভাগ  রয়েছে :  বাহ্য প্রত্যক্ষ ও মানস প্রত্যক্ষ।
- লৌকিক বাহ্য প্রত্যক্ষ তিন ভাগে বিভক্ত;  নির্বিকল্পক প্রত্যক্ষ, সবিকল্পক প্রত্যক্ষ ও প্রত্যভিজ্ঞা।

# প্রত্যক্ষের বিভাগ

- **ন্যায় মতে অলৌকিক প্রত্যক্ষ তিন প্রকার:** সামান্যলক্ষণ প্রত্যক্ষ, জ্ঞানলক্ষণ প্রত্যক্ষ ও যোগজ প্রত্যক্ষ আমরা এখন লৌকিক প্রত্যক্ষ নিয়ে আলোচনা করব। লৌকিক প্রত্যক্ষে ইন্দ্রিয় ও বিষয়ের মধ্যে লৌকিক সন্নিকর্ষ হয়। ।

# প্রত্যক্ষের বিভাগ

- বাহ্য প্রত্যক্ষের ক্ষেত্রে বাহ্য ইন্দ্রিয়গুলো যথা- চক্ষু, কর্ণ , নাসিকা, জিহ্বা, ত্বক ইত্যাদি ইন্দ্রিয়ের সংযোগের ফলে যে প্রত্যক্ষ হয় তাকে বাহ্য প্রত্যক্ষ বলে। যেমন আমরা জানি রূপ, রস, গন্ধ ,স্পর্শ, ইত্যাদি প্রত্যক্ষের ক্ষেত্রে বাহ্য বস্তুর সাথে সংশ্লিষ্ট বাহ্য ইন্দ্রিয়ের সন্নিকর্ষ হয় । অপরদিকে মানস প্রত্যক্ষের ক্ষেত্রে অন্তরিন্দ্রিয় প্রয়োজন। অনুভূতি, সুখ-দুঃখ, ইচ্ছা, প্রভৃতি মানস প্রত্যক্ষ।

# নির্বিকল্পক প্রত্যক্ষ

'বিকল্প' শব্দটি দ্বারা বিশেষণকে বোঝায়। নাম, জাতি, গুণ, ক্রিয়া ইত্যাদি সবই হল বিশেষণ। নির্বিকল্পক প্রত্যক্ষ বিশেষণহীন জ্ঞান। এক্ষেত্রে যে বিষয়ের জ্ঞান হয়, আমরা বিষয়টিকে কোন গুণযুক্ত, বিশেষণযুক্তভাবে জানতে পারি না। বরং একটা বস্তু আছে এটুকুই বুঝতে পারি, বস্তুর অস্তিত্বের জ্ঞান হয়, কিন্তু গুণবিশিষ্ট বস্তুর জ্ঞান হয় না

# নির্বিকল্পক প্রত্যক্ষ

অন্নংভট্ট নির্বিকল্প প্রত্যক্ষের লক্ষণ দিয়েছেন 'নিস্প্রকারকং জ্ঞানং নির্বিকল্পকম্'। নির্বিকল্পক প্রত্যক্ষে বিশেষণহীন বস্তুর প্রত্যক্ষ হয়। যেখানে বিশেষ্য-বিশেষণ সম্বন্ধহীন বস্তুর জ্ঞান হয়। নির্বিকল্পক প্রত্যক্ষ হলো প্রত্যক্ষের প্রাথমিক স্তর বা প্রথম স্তর, এটি একটি সহজ উপলব্ধি মাত্র। গঙ্গেশ বলেন যে নির্বিকল্পক প্রত্যক্ষ হল সম্বন্ধহীন প্রত্যক্ষ। এবং মহর্ষি গৌতম-এর মতে নির্বিকল্পক প্রত্যক্ষ হল 'অব্যপদেশ্য' অর্থাৎ অপ্রকাশযোগ্য প্রত্যক্ষ। আছে বা বস্তুর অস্তিত্ব আছে এইরকম প্রত্যক্ষ হয়।

# সবিকল্প প্রত্যক্ষ

সবিকল্প প্রত্যক্ষ হল বিকল্পযুক্ত প্রত্যক্ষ অর্থাৎ সবিকল্প প্রত্যক্ষ বিশেষ্য–বিশেষণ সম্বন্ধযুক্ত প্রত্যক্ষ। নির্বিকল্পক প্রত্যক্ষ হল প্রত্যক্ষের প্রথম স্তর, যেখানে বস্তুটি কি গুণবিশিষ্ট সেটা জানা যায় না। কিন্তু সবিকল্প প্রত্যক্ষে বস্তু বিশেষণ বিশিষ্ট হিসেবেই জানা যায়। যেমন– টেবিলত্ববিশিষ্ট টেবিল।

# সবিকল্প প্রত্যক্ষ

যখন আমাদের টেবিলের প্রত্যক্ষ হয় তখন প্রথমেই কিছু একটা আছে- এইরকম জ্ঞান লাভ করি বা প্রত্যক্ষ করি এটি হলো নির্বিকল্পক প্রত্যক্ষ। কিন্তু যখন এটি টেবিল অর্থাৎ টেবিলত্ববিশিষ্ট টেবিল রূপে প্রত্যক্ষ করি তখন এই প্রত্যক্ষ হচ্ছে প্রকারবিশিষ্ট প্রত্যক্ষ অর্থাৎ সবিকল্প প্রত্যক্ষ।

# সবিকল্পক প্রত্যক্ষ

অন্নংভট্ট সবিকল্পক প্রত্যক্ষের লক্ষণে বলেছেন **'সপ্রকারকং জ্ঞানং সবিকল্পকম্'** অর্থাৎ যে প্রত্যক্ষ প্রকারযুক্ত তাকেই সবিকল্পক প্রত্যক্ষ বলা হয়। মহর্ষি গৌতম সবিকল্প প্রত্যক্ষ বোঝাতে বলেছেন 'ব্যবসায়াত্মক' অর্থাৎ সবিকল্প প্রত্যক্ষ হল বস্তু-স্বরূপ সম্পর্কে নিশ্চিত জ্ঞানলাভ।

# প্রত্যাভিজ্ঞা

**নৈয়ায়িকগণ প্রত্যাভিজ্ঞা নামে তৃতীয় এক প্রকার লৌকিক প্রত্যক্ষের কথা স্বীকার করেছেন। এক্ষেত্রে দেখা যায় পূর্ব পরিচিত কোন ব্যক্তিকে পুনরায় দেখে চিনতে পারাই হল প্রত্যাভিজ্ঞা।**

# প্রত্যাভিজ্ঞা

পূর্বে দেখা দেব দত্তকে পুনরায় দেখে যখন চিনতে পারা যায় যে 'এই সেই দেবদত্ত' তখন এই জ্ঞানটিকে বলা হয় প্রত্যাভিজ্ঞা। প্রত্যাভিজ্ঞা স্মৃতি নয়। কারণ স্মৃতিতে বস্তু ইন্দ্রিয়ের সামনে উপস্থিত হয় না। কিন্তু প্রত্যাভিজ্ঞায় বস্তুর সাথে ইন্দ্রিয়ের সরাসরি সংযোগ হয়। এবং এখানে প্রত্যাভিজ্ঞায় আমরা প্রকার বিশিষ্ট জ্ঞান লাভ করি। অর্থাৎ প্রত্যাভিজ্ঞা সবিকল্পক প্রত্যক্ষের ওপর নির্ভরশীল।

## যে প্রশ্নগুলো আলোচনা করা হয়েছে

১) লৌকিক প্রত্যক্ষ কাকে বলে?
২) অলৌকিক প্রত্যক্ষ কাকে বলে?
৩) বাহ্য  প্রত্যক্ষ কাকে বলে?
৪) মানস প্রত্যক্ষ কাকে বলে ?
৫) বাহ্য  লৌকিক প্রত্যক্ষ  প্রকার ও কি কি?

## যে প্রশ্নগুলো আলোচনা করা হয়েছে

**৬) নির্বিকল্পক প্রত্যক্ষ কি?**

**৭) সবিকল্পক প্রত্যক্ষ কি?**

**৮) সবিকল্প প্রত্যক্ষ ও নির্বিকল্প প্রত্যক্ষের মধ্যে পার্থক্য।**

**৯) নির্বিকল্পক প্রত্যক্ষ স্বীকার করার প্রয়োজনীয়তা?**

**১০) প্রত্যভিজ্ঞা কি?**

# THANK YOU